# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**

**খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম।**

(অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক সার্টিফিকেট বলে ব্যাংকের অনুকূলে ন্যাস্ত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে)

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক প্রাপ্ত সনদ অনুযায়ী নিম্ন তফসিলোক্ত সম্পত্তির দখল ও ভোগের অধিকার **"বেসিক ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম"** এর ঋণ গ্রহীতা/বিবাদী/দায়িকগণ যথাক্রমে **১। মেসার্স আহমেদ নুর,** প্রোপ্রাইটর-আহমেদ নুর, ১৪৭, খাতুনগঞ্জ, হামিদুল্লাহ মিয়া বাজার, থানা-কোতোয়ালী, জেলা-চট্টগ্রাম এবং **২। আহমেদ নুর,** পিতা-মৃত আহমেদ নছিম, সাং-হরিনখাইন, ৬ নং কুসুমপুরা ইউনিয়ন, ডাকঘর-বুধপুরা, থানা-পটিয়া, জিলা-চট্টগ্রাম এর বিরুদ্ধে ডিক্রিদার-ব্যাংক অর্থজারী মোকদ্দমা নং-১৫৬/২০২২ হইতে উদ্ভুত ও ব্যাংকের অনুকূলে ন্যাস্ত তফসিলভূক্ত সম্পত্তির মধ্যে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির নিলাম বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হবে।

### শর্তাবলী

১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে দরপত্র দাতার নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহার/তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র **আগামী ২৩-১০-২০২৫ ইং** তারিখ বেলা ২.৩০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রামে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোনো তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে বেসিক ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের এবং ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে কম বা অপর্যাপ্ত প্রতীয়মান হইলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে বা অন্য কোনো কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক তাহা গ্রহণ করিতে বাধ্য থাকিবে না।

৬. উপরে বর্ণিত (৩) ও (৪) নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন। দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পরে ৪ নং শর্তে নির্ধারিত অনুরূপ সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে।

৭. সকল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোনো সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদিসহ যে কোনো বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া ও ব্যয়ভার দরদাতাকে বহন করিতে হইবে।

৯. দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথাসময়ে ফেরত দেওয়া হইবে। বাতিল বা অগৃহীত জামানতের জন্য কোনো ক্ষতিপূরণ/সুদ প্রদান করা হইবে না।

১০. শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া গন্য হইবে।

১১. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ/গৃহীত বা যে কোনো বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করে।

১২. সম্পত্তি হস্তান্তরের সময় ব্যাংকে রক্ষিত সম্পত্তির মালিকানা সম্পর্কিত যাবতীয় দলিলাদী/কাগজাদি হস্তান্তর করা হইবে। ইহার অতিরিক্ত কোনো দলিলাদী/কাগজাদি দরকার হইলে ক্রেতাকে নিজ দায়িত্বে সংগ্রহ করিতে হইবে।

১৩. নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

**সম্পত্তির তফসিল নং-০১ :** জিলাঃ চট্টগ্রাম, থানাঃ সাবেক ডাবলমুরিং, বর্তমানে-বন্দর, সাব-রেজিস্ট্রি অফিস-সদর, চট্টগ্রাম, জে.এল নং-০১, মৌজা-মধ্যম হালিশহর, আর.এস খতিয়ান নং-২১৭০, ৩১৫৮, ৩১৬১, আর.এস দাগ নং-৩৩৯৫, ৩৫৩২, ৩৫৩৪ তৎসামিল পি.এস খতিয়ান নং-৩৮৫৯, পি.এস দাগ নং-৭৫০৩, ৭৫০৪ তৎসামিল বি.এস খতিয়ান নং-১১৩৩, বি.এস নামজারী খতিয়ান নং-১১৩৩/১, পৃথক বি.এস নামজারী খতিয়ান নং-১১৩৩/১/১, বি.এস দাগ নং-১১৯৩৯, পরিমান ৬.০৮ শতক, বি.এস দাগ নং-১১৯৪০ পরিমান ৯.৯২ শতক, উভয় দাগে মোট ১৬.০০ শতক বা স্থানীয় পরিমান মতে ৮.০০ গন্ডা ভিটি ভূমি। যাহার চৌহদ্দিঃ উত্তরে-লোকমান গং, দক্ষিণে-দোস্ত মোহাম্মদ রাজু, পূর্বে-সরকারী রাস্তা, পশ্চিমে-নাল জমি।

**সম্পত্তির তফসিল নং-০২ :** জিলাঃ চট্টগ্রাম, থানাঃ সাবেক ডাবলমুরিং, বর্তমানে-বন্দর, সাব-রেজিস্ট্রি অফিস-সদর, চট্টগ্রাম, জে.এল নং-০১, মৌজা-মধ্যম হালিশহর, ওয়ার্ড নং-৩৮, আর.এস খতিয়ান নং-৪০৫২, ৪২৫৪, আর.এস দাগ নং-৩৫৪১, ৩৫৪২ তৎসামিল পি.এস খতিয়ান নং-০১, পি.এস দাগ নং-৭৫৯৭ তৎসামিল বি.এস নামজারী খতিয়ান নং-৭৯৪/১, সর্বশেষ বি.এস নামজারী খতিয়ান নং.৭৯৪/১/১, বি.এস দাগ নং-১১৯১৭, পরিমান ১২.৫০ শতক, বা ৬.০০ গন্ডা ০১ কড়া ভিটি ভূমি তদস্থিত সেমিপাকা টিণশেড ঘরসহ। যাহার চৌহদ্দিঃ উত্তরে-মোহাম্মদ আলী গং এবং নুরুল আলম গং, দক্ষিণে-এনাম আহমেদ, পূর্বে-সরকারী রাস্তা, পশ্চিমে-খাই।

**সম্পত্তির তফসিল নং-০৩ :** জিলাঃ চট্টগ্রাম, থানাঃ ডাবলমুরিং, সাব-রেজিস্ট্রি অফিস-সদর, চট্টগ্রাম, জে.এল নং-০৬, মৌজা-দক্ষিন পাহাড়তলী, ওয়ার্ড নং-১২, আর.এস খতিয়ান নং-৩৮, আর.এস দাগ নং-৩৭৪৭ তৎসামিল পি.এস খতিয়ান নং-৪০৩/১১১৯ ও ৪০১/১১১৬, পি.এস দাগ নং-৩৫৬২, ৩৫৬১ তৎসামিল বি.এস খতিয়ান নং-২৩৯, বি.এস নামজারী খতিয়ান নং-২৩৯/৩, পৃথক বি.এস নামজারী খতিয়ান নং-২৩৯/৩/১, বি.এস দাগ নং-৫৫২৯, পরিমান ৩.৬২ শতক, বা স্থানীয় পরিমাপ মতে ১.০০ গন্ডা ০৩ কড়া ৪ দন্ত ভিটি ভূমি। যাহার চৌহদ্দিঃ উত্তরে-আবু তাহের, দক্ষিণে-সালেহ আহম্মদ, পূর্বে-চলাচল পথ, পশ্চিমে-শামসুন্নাহার বেগম।

**সম্পত্তির তফসিল নং-০৪ :** জিলাঃ চট্টগ্রাম, থানাঃ সাবেক ডাবলমুরিং, বর্তমানে-বন্দর, সাব-রেজিস্ট্রি অফিস-সদর, চট্টগ্রাম, জে.এল নং-০১, মৌজা-মধ্যম হালিশহর, ওয়ার্ড নং-৩৮, আর.এস খতিয়ান নং-১১৮৯, ১৩৫৫, আর.এস দাগ নং-৩৩৯৬, ৩৬৯৯ তৎসামিল পি.এস খতিয়ান নং-১৯৩৭ ও ১৯৫৫, পি.এস দাগ নং-৭৫০৬, ৭৫০৭, তৎসামিল বি.এস খতিয়ান নং-১০৩৬, বি.এস নামজারী খতিয়ান নং-১০৩৬/১, বি.এস দাগ নং-১১৬৭৩, পরিমান ৬.০০ শতক, বি.এস দাগ নং-১১৬৭৪ পরিমান ৮.০০ শতক, উভয় দাগে মোট জমির পরিমাণ ১৪.০০ শতক বা স্থানীয় পরিমাপ মতে ৭.০০ গন্ডা ভিটি ভূমি। যাহার চৌহদ্দিঃ উত্তরে-ডাঃ দিলরুবা, দক্ষিণে-জাফর আহম্মদ চৌধুরী, পূর্বে-আবু বক্কর, পশ্চিমে-সিরাজ এবং বুলবুল।

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান**

খাতুনগঞ্জ শাখা, ১৯৩, খাতুনগঞ্জ, চট্টগ্রাম।

**সমকাল, ১৯-০৯-২০২৫ ইং**

**পূর্বপ্রান্ত, ১৯-০৯-২০২৫ ইং**